BGMEA

সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৬/ ৮৭

তারিখঃ ১৬ মার্চ, ২০২৬

## সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ আসন্ন ঈদ-উল-ফিতরের ছুটিকালীন সময়ে চট্টগ্রাম বন্দরের অপারেশনাল কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদন, মনিটরিং ও বন্দরের সাথে কার্যক্রম সমন্বয় করার লক্ষ্যে বিজিএমইএ'র পক্ষ থেকে ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনয়ন প্রসঙ্গে।**

সূত্রঃ চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের নথি নং-ডিটি/শিপ/২৪ ঘন্টা চালু করণ/২০১৭/৭৫৫ তারিখঃ ১৪/০৩/২০২৬ইং

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। আসন্ন ঈদ-উল-ফিতরের ছুটি কালীন সময়ে (ঈদের দিন এক শিফট ব্যতিত) চট্টগ্রাম বন্দরের সকল ধরনের অপারেশনাল কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদন, মনিটরিং ও বন্দরের সাথে কার্যক্রম সমন্বয় করার লক্ষ্যে বিজিএমইএ'র পক্ষ থেকে ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে নিম্নোক্ত কর্মকর্তাদেরকে মনোনয়ন প্রদান করা হয়েছে।

| | | |
|---|---|---|
| ক) | নাম | ঃ জনাব শাহ আলম |
| | পদবী | ঃ সহকারী সচিব |
| | মোবাইল নম্বর | ঃ ০১৮১৯১৮০০৬১ |
| | ই-মেইল | ঃ info@bgmeacty.org |
| খ) | নাম | ঃ জনাব এস. এম. শামসুল আরেফিন |
| | পদবী | ঃ নির্বাহী |
| | মোবাইল নম্বর | ঃ ০১৭৮০৭২২৯২৮, ০১৫১৫৬৮২৪৭৭ |
| | ই-মেইল | ঃ info@bgmeacty.org |

আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের আদেশটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

১৬/৩/২৬

**মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)**
সচিব (ভারপ্রাপ্ত)

সংযুক্তিঃ বর্ণনামতে।

অনুলিপিঃ-পরিচালক ট্রাফিক, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।

## চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
পরিচালক (ট্রাফিক) এর দপ্তর

বিজ্ঞপ্তি নং-০৬/২০২৬ তারিখ-১৪-০৩-২০২৬ ইং।

আসন্ন ঈদ-উল-ফিতর উপলক্ষে সরকারী ছুটির সময়ে বন্দরের অপারেশনাল কার্যক্রম নিরবচ্ছিন্ন রাখার লক্ষ্যে সংশ্লিষ্টদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে -

১) ঈদ-উল-ফিতর উপলক্ষে ঈদের দিন সকাল ০৮.০০ ঘটিকা থেকে বিকাল ১৬.০০ ঘটিকা ব্যতীত নির্ধারিত সরকারী ছুটির দিনসহ পরবর্তী সাপ্তাহিক ছুটির দিনসমূহে জাহাজের অপারেশনাল কাজ, জাহাজ আনা-নেয়া এবং বন্দরে ডেলিভারীসহ সার্বিক কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হবে।

২) উক্ত ছুটির সময়ে এবং এর পরবর্তী সময়ে রপ্তানী পণ্য বোঝাই কন্টেইনার নির্বিঘ্নে জাহাজীকরণের লক্ষ্যে ফ্রেইট ফরওয়ার্ডার, অফডক, এমএলও, ফিডার অপারেটর এবং টার্মিনাল/বার্থ অপারেটরগণ আন্তঃ যোগাযোগ অব্যাহত রাখবেন এবং রপ্তানী পণ্য বোঝাই কন্টেইনার যাতে সঠিক সময়ে জাহাজে বোঝাই করা হয় তা নিশ্চিত করবেন।

৩) আমদানী পণ্যের ক্ষেত্রে এপ্রেইজমেন্ট, বি/ই আউট পাসকরণসহ সকল ধরনের ডেলিভারী কার্যক্রমের জন্য কাস্টম হাউস, চট্টগ্রাম কর্তৃক পর্যাপ্ত সংখ্যক কর্মকর্তা/কর্মচারী নিয়োজিত রাখার লক্ষ্যে কমিশনার অব কাস্টমস্, কাস্টম হাউস, চট্টগ্রাম-কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৪) তফসিলি ব্যাংকসমূহ আমদানী-রপ্তানীর সাথে সংশ্লিষ্ট ব্যাংকের শাখা এবং বন্দর অভ্যন্তরে স্থিত ব্যাংকের বুথসমূহ বাংলাদেশ ব্যাংকের অনুমতি নিয়ে খোলা রাখবে। প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা, চবক এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৫) প্রধান প্রকৌশলী (যান্ত্রিক), চবক স্বাভাবিক সময়ের ন্যায় প্রয়োজনীয় যান্ত্রিক উপকরণের সরবরাহ নিশ্চিত করবেন। ছুটির সময়ের প্রতিদিনের জন্য নির্বাহী প্রকৌশলী পদমর্যাদার কর্মকর্তাগণকে পালাক্রমে দায়িত্ব প্রদান করে একটি সার্কুলার জারী করবেন। যা সকল বন্দর ব্যবহারকারীগণকে যান্ত্রিক বিভাগ কর্তৃক অবহিত করতে হবে।

৬) প্রধান প্রকৌশলী (যান্ত্রিক), চবক এবং সংশ্লিষ্ট ওয়ার্কশপের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণ প্রতিটি ইয়ার্ডে রক্ষিত কন্টেইনারসমূহ যাতে শতভাগ মুখ-জ্যাম করে সংরক্ষণ করা হয় সে বিষয়ে সংশ্লিষ্ট ইক্যুইপমেন্ট অপারেটরগণকে কঠোর নির্দেশনা প্রদান করবেন। ইয়ার্ড ইনচার্জ, ইয়ার্ডে নিয়োজিত সহকারী নিরাপত্তা পরিদর্শক এবং ওয়ার্কশপ ইনচার্জ এর সমন্বয়ে ইতিপূর্বে গঠিত কমিটি মুখ-জ্যাম করে কন্টেইনার সংরক্ষণের বিষয়টি নিশ্চিত করবেন।

৭) প্রতিটি শেড এবং ইয়ার্ডে রক্ষিত পণ্য এবং কন্টেইনারের নিরাপত্তা নিশ্চিত করতে নিরাপত্তা বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৮) সিএন্ডএফ এজেন্টগণ আমদানী কন্টেইনার এবং পণ্য ডেলিভারী ও রপ্তানী কার্যক্রম স্বাভাবিক নিয়মে সচল রাখতে আমদানী-রপ্তানীকারকগণের সাথে সমন্বয় করে প্রয়োজনীয় সংখ্যক জনবল নিয়োজিত রাখবেন।

৯) আমদানীকারকগণ যাতে মালামাল ডেলিভারী গ্রহণের জন্য শিপিং এজেন্ট হতে ডেলিভারী অর্ডার গ্রহণ করতে পারেন সে লক্ষ্যে শিপিং এজেন্টগণ ঈদের বন্ধের দিনগুলিতে ডেলিভারী অর্ডার গ্রহণের সুবিধার্থে চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন এর সাথে সমন্বয় করে অফিস খোলা রাখবেন এবং বর্তমানে EDO ব্যবস্থা

চালু রয়েছে বিধায় On-line এ EDO প্রদানের জন্য ব্যবস্থা গ্রহণ করবেন। এর পাশাপাশি বর্তমান পরিস্থিতিতে রপ্তানী পণ্য বোঝাই কন্টেইনার সঠিক সময়ে শিপমেন্টের বিষয়টি BICDA ও ফ্রেইট ফরওয়ার্ডারগণের সাথে সমন্বয়পূর্বক নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১০) ফ্রেইট ফরওয়ার্ডারগণ এবং চট্টগ্রাম কাস্টমস্ এজেন্ট এসোসিয়েশন পারস্পরিক সমন্বয়ের মাধ্যমে স্ব-স্ব অফিস খোলা রাখবেন।

১১) ঈদের সময় যে সকল সরাসরি ডেলিভারীযোগ্য পণ্যবাহী জাহাজ ঘাটে থাকবে/আগমন করবে ঐ সকল জাহাজের মালামাল ডেলিভারীর জন্য কাস্টম আউট পাশসহ ডকুমেন্টসহ আনুষাঙ্গিক দলিলাদি পূর্বেই প্রস্তুত রাখার জন্য শিপিং এজেন্ট, কাস্টমস্ এজেন্টসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা গেল।

১২) অফডকসমূহ ঈদের ছুটিতে বন্দর থেকে কন্টেইনার আনা নেয়ার ব্যাপারে তাদের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখবে। এর পাশাপাশি রপ্তানী পণ্য বোঝাই কন্টেইনার যাতে দ্রুত জাহাজীকরণ করা হয়; সে লক্ষ্যে অফডকসমূহ তাদের খাতে নিয়োজিত ট্রেইলার, ট্রেইলার চালক এবং অন্যান্য কার্যক্রম সম্পাদনের জন্য প্রয়োজনীয় সংখ্যক শ্রমিকের উপস্থিতি নিশ্চিত করবেন।

১৩) বার্থ অপারেটর, টার্মিনাল অপারেটর এবং শিপ হ্যান্ডলিং অপারেটরগণ প্রয়োজনীয় সংখ্যক শ্রমিক/জনবল সরবরাহ নিশ্চিত করে অপারেশনাল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করবেন। তাছাড়া বার্থ অপারেটর এবং টার্মিনাল অপারেটরগণ জাহাজের কন্টেইনার Unloading/Loading এবং খালি কন্টেইনার Removal এর জন্য প্রয়োজনীয় সংখ্যক ট্রেইলার সরবরাহ নিশ্চিত করবেন। শিপমেন্টের জন্য যে সমস্ত রপ্তানী পণ্য বোঝাই কন্টেইনারের লোডিং অনুমতি সম্পন্ন হয় সেগুলো যাতে যথাসময়ে জাহাজের হুক পয়েন্টে আনয়ন করা হয় সে বিষয়ে সংশ্লিষ্ট অফডক/রপ্তানীকারকগণের সাথে যোগাযোগ রাখবেন। সহকারী টার্মিনাল ম্যানেজার (শিপ এন্ড ইয়ার্ড), চবকগণ বিষয়টি নিশ্চিত করবেন। প্রয়োজনে টার্মিনাল ম্যানেজার, চবকসহ উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করবেন।

১৪) এফবিসিসিআই এবং চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি স্বাভাবিকভাবে চট্টগ্রাম বন্দরের অপারেশনাল কার্যক্রম সচল রাখতে তাঁদের আওতাভুক্ত আমদানী-রপ্তানীকারকগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন। রপ্তানী পণ্য বোঝাই কন্টেইনার যাতে ঈদ-উল-ফিতর এর বন্ধের সময় সঠিকভাবে শিপমেন্ট হয় সে ব্যাপারে রপ্তানীকারকগণকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উদ্ধুদ্ধ করবেন। এ বিষয়ে FBCCI এবং CCCI একটি Standing কমিটি গঠন করে ফোকাল পয়েন্ট কর্মকর্তার নাম ও মোবাইল নম্বর চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষকে জানিয়ে দিবেন। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সহকারী টার্মিনাল ম্যানেজার (শিপ এন্ড ইয়ার্ড), চবকগণ তাঁদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করবেন।

১৫) ডেপুটি ট্রাফিক ম্যানেজার (অপাঃ)/চবক, টার্মিনাল ম্যানেজার/চবক, ডেপুটি ট্রাফিক ম্যানেজার (আইসিডি) এবং পানগাঁওস্থ আইসিটি টার্মিনালের অপারেটর Medlog Bangladesh Pvt. Limited, PCT এর টার্মিনাল অপারেটর RSGT আসন্ন ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে সরকার কর্তৃক নির্ধারিত ছুটির সময়েও সুষ্ঠুভাবে অপারেশনাল কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক জনবল নিয়োজিত রাখার ব্যবস্থা গ্রহণ করবেন।

১৬) ঈদের ছুটির ০৭ দিন পূর্ব হতে ছুটি পরবর্তী সময় পর্যন্ত আমদানীকৃত মালামাল/পোশাক শিল্পের মালামাল ডেলিভারী গ্রহণ, রপ্তানী পণ্য সঠিক সময়ে জাহাজীকরণের জন্য বন্দরে প্রেরণ ইত্যাদি বিষয়ে নিবিড় মনিটরিং এবং চট্টগ্রাম বন্দরের সাথে কার্যক্রম সমন্বয় করার লক্ষ্যে বিজিএমইএ এর পক্ষ হতে ঢাকা ও চট্টগ্রামে পৃথক পৃথক ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োজিত করে তাদের নাম ও Contact Number সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্যও অনুরোধ করা হলো। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ হতে জনাব মুহাম্মদ আনিস উদ্দিন



CamScanner

আহমদ, সহকারী টার্মিনাল ম্যানেজার, শিপ এন্ড ইয়ার্ড (জিসিবি), (মোবাইল নং- ০১৮১৯-৮০৮৯৫৬) জনাব মুহাম্মদ কামরুল ইসলাম মজুমদার, সহকারী টার্মিনাল ম্যানেজার/শিপ এন্ড ইয়ার্ড, (সিসিটি/এনসিটি) (মোবাইল নং- ০১৭১৫-১৬৩৯৯৯) এবং জনাব রাজীব চৌধুরী, সহকারী টার্মিনাল ম্যানেজার (কন্ট্রোল) (মোবাইল নং- ০১৭৭৬-৩২২৯৯৮) বিজিএমইএ এর ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের সাথে সার্বক্ষণিক যোগাযোগ করবেন।

১৭) আমদানী-রপ্তানী কাজে নিয়োজিত যানবাহন সমূহকে প্রয়োজনীয় পরিমাণ জ্বালানী তেল সরবরাহ করতে BPC এর দৃষ্টি আকর্ষণ করা গেল। প্রয়োজনে এ বিষয়ে BPC হতে উর্ধ্বতন মহলে যোগাযোগ করে আমদানী-রপ্তানী বাণিজ্যে জ্বালানী তেল সরবরাহ নিরবচ্ছিন্ন রাখার ব্যবস্থা নেয়া যেতে পারে।

১৮) বহিঃনোঙ্গরে মাদার ভেসেল হতে পণ্য খালাসে যাতে লাইটার জাহাজের কোন সংকট না হয় ওয়াটার ট্রান্সপোর্ট সেলসহ এ সংশ্লিষ্ট অন্যান্য সংস্থা বিষয়টি নিশ্চিত করবে।

চট্টগ্রাম বন্দরের মাধ্যমে আমদানি-রপ্তানি কার্যক্রম নিরবচ্ছিন্নভাবে পরিচালনার স্বার্থে প্রয়োজনীয় সকল সহযোগিতা ও সর্বোচ্চ সেবা প্রদানে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ বদ্ধ পরিকর। এ লক্ষ্যে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ সংশ্লিষ্ট সকল স্টেকহোল্ডারগণের পক্ষ হতেও সার্বিক সহযোগিতা কামনা করছে।

স্বাক্ষরিত/-
পরিচালক (ট্রাফিক)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

নথি নং- ডিটি/শিপ/২৪ ঘন্টা চালুকরণ/২০১৭/৭৫৫ তারিখ- ১৪-০৩-২০২৬ ইং।

অনুলিপি- সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। সকল সদস্য, চবক মহোদয়গণের সদয় অবগতির জন্য।
২। কমিশনার অব কাস্টমস্, কাস্টম হাউস, চট্টগ্রাম।
৩। পি এস টু মাননীয় অর্থমন্ত্রী, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা - মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
৪। পিএস টু মাননীয় মন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা - মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
৫। পিএস টু মাননীয় মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা - মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
৬। পি এস টু মাননীয় প্রতিমন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা - মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭। পি এস টু সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা - নৌপরিবহন মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৮। পি এস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, প্লট- এফ-১/এ, আগরগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭ - জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।

অবগতি এবং প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধ সহকারে প্রেরণ করা গেল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন, বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।
২। পুলিশ কমিশনার, সিএমপি, চট্টগ্রাম।
৩। পরিচালক (নিরাপত্তা), চবক।
৪। ডেপুটি কনজারভেটর, চবক।
৫। প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা, চবক।
৬। প্রধান প্রকৌশলী (যান্ত্রিক), চবক।
৭। পরিচালক (বিদ্যুৎ), চবক।



CamScanner